

মিডল্ স্কুলে ভর্তি তথা অ্যাডমিশনের জন্য প্রস্তুত হোন!

প্রিয় পরিবারবর্গ,

এই শীতে মিডল্ স্কুলে আবেদন করছেন? আবেদন এখনও শুরু হয়নি, কিন্তু অদূর ভবিষ্যতে আবেদন করার জন্য আপনি প্রস্তুত হওয়া শুরু করতে পারেন।

আপনি এখন যা করতে পারেন

- মিডল্ স্কুলের বিকল্প বা অপশনগুলো অন্বেষণ করুন।
  - আপনার আগ্রহের স্কুলগুলো সম্পর্কে বিস্তারিত তথ্য খুঁজতে [MySchools.nyc](http://MySchools.nyc) মিডল্ স্কুল ডিরেক্টরি ব্যবহার করুন; এছাড়াও আপনি যেসব কোর্স অফার করা হচ্ছে, স্কুলের অবস্থান, স্পোর্টস্, অভিজ্ঞতা (প্রতিবন্ধিতায়ুক্তদের জন্য বিশেষ সুবিধা), এবং আরও অনেক কিছু খুঁজতে পারেন। কিছু পরামর্শ:
    - বেশীরভাগ মিডল্ স্কুল প্রোগ্রামে কারা আবেদন করতে পারবে সেবিষয়ে সুনির্দিষ্ট বাধ্য-বাধকতা রয়েছে। এই হেমস্তের (ফল-এর) শেষভাগে, যখন আপনি আপনার অভ্যর্থনামূলক চিঠি পাবেন এবং মাইস্কুলস্-এ লগ ইন করবেন, তখন একটি ব্যক্তিগতকৃত সার্চ-এর (খোঁজ-এর) মাধ্যমে আপনি যেসব প্রোগ্রামে আবেদনের যোগ্য সেগুলো দেখতে সক্ষম হবেন। আপাতত, আপনি কোনও প্রোগ্রামে যোগ্যতার শর্তাবলী যাচাই করে আপনার সন্তান সেটায় আবেদনের যোগ্য কিনা সেবিষয়ে জানতে পারেন।
    - মিডল্ স্কুলে ভর্তি বা অ্যাডমিশনের জন্য আপনি কোন্ স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করছে তা খুঁজতে এবং আপনার কোনও জোনভুক্ত স্কুল আছে কিনা তা জানতে [schoolsearch.schools.nyc](http://schoolsearch.schools.nyc) দেখুন। আপনার সন্তানের তার জোনভুক্ত মিডল্ স্কুলে(গুলোতে) পড়ার অগ্রাধিকার রয়েছে।
  - আপনার আগ্রহ আছে এবং আপনার পরিবারের চাহিদা পূরণ করে এমন প্রোগ্রামগুলোর একটি তালিকা তৈরি করুন।
  - আরও জানতে এই স্কুলগুলোর ওয়েবসাইট দেখুন। প্রতিটি মাইস্কুলস্ ডিরেক্টরি পেজ-এ স্কুলটির নিজস্ব ওয়েবসাইট এবং যোগাযোগের তথ্য উল্লেখিত থাকবে। প্রশ্ন থাকলে আপনি স্কুলগুলোর সাথে সরাসরি যোগাযোগও করতে পারেন।
  - ভার্সুয়াল অথবা সশরীরে উপস্থিতির ওপেন হাউজগুলোতে অংশগ্রহণ করুন। বহু স্কুল ডিরেক্টরি পেজ সম্ভাবনাময় পরিবারদের জন্য সরাসরি সংযোগের লিংকও প্রদান করে, যেমন ওপেন হাউজ কিংবা ভার্সুয়াল ট্যুর সংক্রান্ত তথ্য। একটি স্কুল ভার্সুয়ালভাবে কিংবা সশরীরে পরিদর্শন করা, সেখানে পড়াশোনা করতে কেমন লাগবে তা কল্পনা করার একটি উত্তম পন্থা। যখন অনুষ্ঠানে

অংশগ্রহণ করবেন, তখন স্কুল কর্মীকে জিজ্ঞাসা করার জন্য প্রশ্নাবলীর একটি তালিকা আসার জন্য আমরা পরামর্শ দিচ্ছি।

- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে পরিচিত হোন। এই বছরের মিডল স্কুলে ভর্তি বা অ্যাডমিশন্সে তারাই সবচেয়ে ভালভাবে পথ নির্দেশনা দিতে পারেন।
- মিডল স্কুলে ভর্তি বা অ্যাডমিশন্স সম্পর্কে আরো জানুন। 2022 NYC পাবলিক স্কুল অ্যাডমিশন্স গাইডের একটি কপি আপনার বর্তমান স্কুল থেকে তুলে নিন অথবা আপনার ভাষায় অভিগম্য একটি কপি [schools.nyc.gov/Middle](https://schools.nyc.gov/Middle) সাইট থেকে ডাউনলোড করুন। এছাড়াও আমাদের ওয়েবসাইটে আপনি সর্বসাম্প্রতিক তথ্য খুঁজে পাবেন এবং আমাদের ভর্তি বা অ্যাডমিশন্সের ভিডিওর তালিকা দেখতে পাবেন।

## এরপর কী

এই হেমস্তের (ফল-এর) শেষভাগে, পঞ্চম (5) গ্রেডের পাবলিক স্কুলের পরিবারেরা ডাকযোগে একটি ব্যক্তিগতকৃত অভ্যর্থনামূলক চিঠি পাবেন। এই চিঠিতে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করার জন্য অথবা আপনার সন্তানকে যোগ করার জন্য বিদ্যমান একটি অনন্য বা ইউনিক কোড দেয়া হবে। যখন চিঠিটি লভ্য হবে, তখন সকল আবেদনকারী (বর্তমান প্রাইভেট এবং ধর্মীয় বা প্যারোকিয়াল স্কুলের শিক্ষার্থীরা সহ) তাদের বর্তমান স্কুল অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) থেকে একটি কপির জন্য অনুরোধ করতে সক্ষম হবে।

যখন চিঠিগুলো প্রেরণ করা হবে, তখন আমরা আপনাকে অবহিত করবো!

শুভ কামনায়,

মিডল স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে আমাদের মিডল স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়)  নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

মিডল স্কুল অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।